

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত ২য় প্রান্তিকের অংশীজনের
সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আজিজুল ইসলাম
অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ : ৩০ নভেম্বর, ২০২০
সময় : বেলা ১২:০০ টা
স্থান : অনলাইন সিস্টেম।
উপস্থিত সদস্য : রেকর্ডেড।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোছাঃ মোর্শেদা ফেরদৌস আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে সভাপতি এ বিভাগের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা করে এ সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণের বিষয়ে নির্দেশনা দেন।

০২। জ্বালানি সংক্রান্ত যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা সচেষ্ট থাকবে এবং প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবে। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের জিআরএস সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট থেকে তিনি জেনেছেন যে, এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ওয়েবসাইটে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা এবং আপিল কর্মকর্তার নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর আপলোড করা নাই। জরুরি ভিত্তিতে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা এবং আপিল কর্মকর্তার নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর আপলোড করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৩। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে কোন প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হলে তা এ বিভাগকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে অংশীজনের সভা আয়োজন করবে এবং সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করবে;
- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কার্যক্রম সংশ্লিষ্ট যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপিল কর্মকর্তা সচেষ্ট থাকবে;
- এ বিভাগের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবে;
- যে সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের ওয়েব সাইটে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা এবং আপিল কর্মকর্তার নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর আপলোড করা নাই জরুরি ভিত্তিতে তা ওয়েব সাইটে আপলোড করতে হবে;
- দপ্তর/সংস্থা কর্তৃক যে কোন অভিযোগ নিষ্পত্তি করার পর তা আবশ্যিকভাবে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে এবং পত্র মারফত এ বিভাগকে অবহিত করতে হবে;

চ) দপ্তর/সংস্থা কর্তৃক অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে কোন প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হলে এ বিভাগকে অবহিত করতে হবে।

০৫। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

৩১/১২/২০২০

(মোঃ আজিজুল ইসলাম)

অতিরিক্ত সচিব


জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২৮.২৭.০০১.১৮(অংশ-২)- ২০৭ (৫১)

তারিখ: ১৫ পৌষ, ১৪২৭
৩০ ডিসেম্বর, ২০২০

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


(মোহঃ মোশেদা ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫১১৪৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
- ০২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, উত্তরা, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, কাওরান বাজার, ঢাকা।
- ০৮। যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ০৯। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। উপসচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড।
- ১৬। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
- ১৭। ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড।
- ১৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১৯। প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ২০। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ২১। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।